

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৬৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. দ্বিতীয় অনুচ্ছেদ - জামা'আত ও তার ফযীলত সম্পর্কে

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «صَلَاةُ الْمَرْأَةِ فِي بَيْتِهَا أَفْضَلُ مِنْ صَلَاتِهَا فِي بَيْتِهَا» . وَاهُ أَبُو دَاؤُد

বাংলা

১০৬৩-[১২] 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, মহিলাদের তাদের ঘরের মাঝে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা তাদের বাইরের ঘরে সালাত আদায় করার চেয়ে ভাল। আবার কোন কামরায় তাদের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা তাদের ঘরে সালাত আদায় করার চেয়ে ভাল। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবু দাউদ ৫৭০, সহীহ আত্ তারগীব ৩৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَصَلَاتُهَا فِي مَخْدَعِهَا أَفْضَلُ مِنْ صَلَاتِهَا فِي بَيْتِهَا) "বাড়ীর প্রশস্ত আঙিনায় সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার চাইতে ঘরের ছোট প্রকোষ্টে সালাত আদায় করা তাদের জন্য উত্তম। কেননা তাদের প্রতি এ নির্দেশের ভিত্তি হচ্ছে পর্দা। কাজেই যেখানে যত বেশী পর্দা রক্ষিত হবে সেখানে সালাত আদায় করা তাদের জন্য উত্তম।

উপরে বর্ণিত হাদীসগুলোর মূল কথা হলো "পুরুষের জন্য মহিলাদেরকে মসজিদে যাওয়ার অনুমতি দেয়া তখনই ওয়াজিব অথবা মুস্তাহাব যখন তারা সুগন্ধি, গহনা ও সাজসজ্জা বর্জন করবে। পক্ষান্তরে তারা যখন এগুলো বর্জন না করবে তখন পুরুষের পক্ষে তাদের স্ত্রীদেরকে মসজিদে যাওয়ার অনুমতি দেয়া ওয়াজিব নয়।



আর সর্বাবস্থায় ঘরে সালাত আদায় করাই তাদের জন্য উত্তম মসজিদে সালাত আদায় করার চাইতে। ইবনু মাস্'উদ (রাঃ) থেকে বর্ণিত এ হাদীসটিই তার প্রমাণ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন